

বাল্যবিবাহ রোধে প্রশাসনের উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, পূর্ব মেদিনীপুর, ১২
সেপ্টেম্বর — বাল্যবিবাহ ও কন্যাভ্রশ হত্যা
রোধে কোলাঘাটের বলাকা মঞ্চ জেলা
প্রশাসন ও বেঙ্গল কমিশন ফর প্রোটেকশন
অফ চাইল্ড রাইটস্‌র যৌথ উদ্যোগে
বুধবার হল বিশেষ সচেতনতা শিবির। দুই
মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলার
কয়েকশো ছাত্রী অংশগ্রহণ করে এই
শিবির। পূর্ব মেদিনীপুর জেলাশাসক রশ্মি
কমল সহ উপস্থিত আধিকারিকরা
বাল্যবিবাহ ও কন্যাভ্রশ হত্যার কুফলের
দিকগুলি তুলে ধরেন।